# AKASHVANI KOLKATA

## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 15-09-2026** **Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) কেন্দ্রীয় প্রকল্পগুলির সম্পর্কে সচেতনতা বৃদ্ধি ও জন ভাগীদারির উদ্দেশে ১৭-ই সেপ্টেম্বর থেকে রাজ্যে শুরু হচ্ছে 'সেবা সংকল্প অভিযান'।

২) রাজ্যে দুই বিধানসভা কেন্দ্র পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রাম এবং মুর্শিদাবাদের রেজিনগরে আসন্ন উপ-নির্বাচনের জন্য মনোনয়নপত্র জমা দেওয়ার কাজ আগামীকাল শেষ হচ্ছে।

৩) কয়েকটি জেলায় স্কুলে মিড ডে মিল সরবরাহের যে দায়িত্ব ইস্কনের অক্ষয় পাত্র ফাউন্ডেশনকে দেওয়া হয়েছিল তা প্রত্যাহার করেছে স্কুল শিক্ষা দফতর।

৪) দুর্গাপুজোর সময় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ সুনিশ্চিত করতে বিদ্যুৎ দফতর প্রয়োজনীয় সব রকম ব্যবস্থা গ্রহণ করেছে।

৫) নানা অনুষ্ঠানের মধ্যে দিয়ে আজ কথাশিল্পী শরৎ চন্দ্র চট্টোপাধ্যায়ের ১৫১-তম জন্মদিনটি উদযাপিত হচ্ছে।

oooooooooooooooooooo

রাজ্য সরকার, আগামী ১৭'ই সেপ্টেম্বর থেকে রাজ্য জুড়ে 'সেবা সংকল্প অভিযান' শুরু করার নির্দেশ দিয়েছে। সরকারি প্রকল্পের সুবিধা সাধারণ মানুষের কাছে পৌঁছে দেওয়া, জনসচেতনতা বৃদ্ধি এবং নাগরিকদের অংশগ্রহণ বাড়ানোর লক্ষ্যে এই অভিযান চলবে ১০'ই অক্টোবর পর্যন্ত। রাজ্যের সমস্ত দফতর, জেলা প্রশাসন, পুরসভা ও ব্লক প্রশাসনকে সমন্বিতভাবে এই কর্মসূচি পালন করতে বলা হয়েছে। সরকারের তরফে জানানো হয়েছে, ১৭'ই সেপ্টেম্বর 'আশীর্বাদের প্রদীপ' কর্মসূচির মাধ্যমে অভিযানের সূচনা হবে। দোসরা থেকে চৌঠা অক্টোবর 'সেবা সেতু অভিযান'-এ ব্লক, পুরসভা ও পুরনিগম এলাকায় শিবির করে সরকারি প্রকল্প ও পরিষেবা মানুষের কাছে পৌঁছে দেওয়া হবে।

oooooooooooooooooooo

রাজ্যে দুই বিধানসভা কেন্দ্র পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রাম এবং মুর্শিদাবাদের রেজিনগরে আসন্ন উপ-নির্বাচনের জন্য মনোনয়নপত্র জমা দেওয়ার কাজ আগামীকাল শেষ হচ্ছে। এখনও পর্যন্ত বিজেপি ওই দুই আসনে কোন প্রার্থী ঘোষণা করেনি। গতকাল তৃণমূল কংগ্রেসের বিক্ষুব্ধ গোষ্ঠী, বিধানসভার বিরোধী দলনেতা ঋতব্রত বন্দ্যোপাধ্যায়ের শিবিরের পক্ষ থেকে দুই আসনে প্রার্থীর নাম ঘোষণা করা হয়। নন্দীগ্রামে মহম্মদ এতেশামুল হক এবং রেজিনগরে সফিউজ্জামান শেখকে প্রার্থী করা হয়েছে। আপাতত সর্ব ভারতীয় তৃণমূল কংগ্রেসের নাম ও প্রতীকে তারা প্রচার চালাবে। আগামীকাল প্রতীকের অধিকার নিয়ে নির্বাচন কমিশন চূড়ান্ত সিদ্ধান্ত নিতে পারে। তারপরেই বিষয়টি স্পষ্ট হবে।

অন্যদিকে, মমতা ব্যানার্জী পন্থী কালীঘাট শিবির, কংগ্রেস এবং সিপিআইএমও ওই দুটি আসনে নিজেদের প্রার্থী নাম ঘোষণা করেছে। রেজিনগরে প্রতিদ্বন্দ্বিতায় থাকছে আমজনতা উন্নয়ন পার্টিও।

উল্লেখ্য, আগামী ৬-ই অক্টোবর ওই দুই আসনের উপ-নির্বাচনে ভোটগ্রহণ। এই উপলক্ষে ওই দিন সংশ্লিষ্ট এলাকায় এন আই অ্যাক্টে ছুটি ঘোষণা করা হয়েছে। গণনা অক্টোবরের ৯ তারিখ।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকার বিশ্বকর্মা পুজোর ছুটির দিন পরিবর্তন করেছে। এবছর ভাদ্র সংক্রান্তি ১৭-ই সেপ্টেম্বরের পরিবর্তে ১৮ তারিখ পড়ায় ওই দিন অর্থাৎ শুক্রবার বিশ্বকর্মা পুজো উপলক্ষে রাজ্যের সরকারি, আধা সরকারি অফিস, কর্পোরেশন ছাড়াও সব সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়ে ছুটি থাকবে। এব্যাপারে গতকাল অর্থ দফতর থেকে এক বিজ্ঞপ্তি জারি করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

আগামী বছর জাতীয় যুব উৎসব হবে ১০ থেকে ১২ জানুয়ারি, নতুন দিল্লিতে। বিকশিত ভারত ইয়াং লিডার্স ডায়লগ ২০২৭ শিরোনামে এই উৎসবের মূল লক্ষ্য হলো উন্নয়নমূলক প্রকল্পে যুব নেতৃত্বকে উৎসাহিত করা এবং রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে যুব সমাজের কণ্ঠস্বর ও ভাবনাকে জাতীয় স্তরে পৌঁছে দেওয়া।

এই উৎসব উপলক্ষে জেলা থেকে রাজ্য এবং জাতীয় স্তর পর্যন্ত পাঁচটি বিভিন্ন বিভাগের প্রতিযোগিতায়, ১৫ থেকে ২৯ বছরের যুবক যুবতিরা অংশ নিতে পারবেন। লোকনৃত্য, লোকগান, চিত্রকলা, নাটক ও কবিতা লেখার মাধ্যমে ভারতের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্য তুলে ধরার সুযোগ পাবেন দেশের তরুণরা। এছাড়া থাকছে বিকশিত ভারত প্রশ্নোত্তর ও প্রবন্ধ প্রতিযোগিতা। প্রশ্নোত্তর বা কুইজ MY Bharat পোর্টালের মাধ্যমে পরিচালিত হবে।

অংশগ্রহণকারীরা ৫০০ শব্দের মধ্যে প্রবন্ধ লিখে অংশ নিতে পারবেন। রাজ্য থেকে নির্বাচিত জাতীয় স্তরে অংশগ্রহণকারীরা প্রধানমন্ত্রীর সামনে তাঁদের বিষয় ভাবনা উপস্থাপনের সুযোগ পাবেন। mybharat.gov.in পোর্টালে গেলে সম্পূর্ণ তথ্য পাওয়া যাবে।

পশ্চিমবঙ্গের  ক্রীড়া ও যুব কল্যাণ দপ্তরের মন্ত্রী ইন্দ্রনীল খাঁ এর উপস্থিতিতে গতকাল এক সাংবাদিক বৈঠকে  মাই ভারত প্রকল্পের পশ্চিমবঙ্গ বিভাগের ডেপুটি ডিরেক্টর রিজভী শাহনওয়াজ রহমান এ বিষয়ে বিস্তারিত জানান।

(বাইট - রিজভী শাহনওয়াজ রহমান)

oooooooooooooooooooo

নদিয়ার কল্যাণী এইমসে  আজ দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।  প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন নীতি আয়োগের সদস্য অধ্যাপক গোবর্ধন দাস। সম্মানীয় অতিথি হিসেবে যোগ দেবেন বিহার ইউনিভার্সিটি অব হেলথ সায়েন্সেসের উপাচার্য অধ্যাপক ড. বিন্দে কুমার এবং  এইমস গুয়াহাটির এক্সিকিউটিভ ডিরেক্টর অধ্যাপক ড. অশোক পুরাণিক। অনুষ্ঠানে ১২৫ জন MBBS, ৬০ জন B.Sc. (Hons.) Nursing এবং ৩০ জন MD/MS স্নাতককে ডিগ্রি প্রদান করা হবে। মেধাবী পড়ুয়াদের মেডেল, পুরস্কার ও সম্মাননা প্রদান করা হবে বলে কল্যানী এইমসের পক্ষ থেকে জানানো হয়েছে।

oooooooooooooooooooo

কয়েকটি জেলায় স্কুলে মিড ডে মিল সরবরাহের যে দায়িত্ব ইস্কনের অক্ষয় পাত্র ফাউন্ডেশনকে দেওয়া হয়েছিল তা প্রত্যাহার করেছে স্কুল শিক্ষা দফতর। গত ২১ শে আগস্ট স্কুল শিক্ষা দপ্তর বিজ্ঞপ্তি জারি করে ওই সংস্থাকে- উত্তর ২৪ পরগনার বিধাননগর, দমদম, রাজারহাট-নিউটাউন, হাওড়া, পুরুলিয়া ও পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রাম ব্লকের স্কুলগুলিতে পিএম পোষণ প্রকল্পে মিড ডে মিল বিতরণের দায়িত্ব দিয়েছিল । গতকাল এই দায়িত্ব প্রত্যাহার করে নিয়েছে রাজ্য সরকার। এরফলে ওই স্কুলগুলিতে আগের নিয়ম অনুযায়ী মিড-ডে-মিলের কাজ চলবে। ইতিমধ্যেই এসংক্রান্ত নির্দেশিকা পাঠানো হয়েছে।

oooooooooooooooooooo

আজকের প্রসঙ্গে এবারের বিষয়* জাতীয় পুষ্টি মাসমেদিনীপুর সদর ব্লকের ।* আয়ুর্বেদ চিকিৎসক ডাক্তার সুমিত সুরের সঙ্গে কথা বলেছেন কল্যাণলাহা। আকাশবাণী সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত আটটায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

oooooooooooooooooooo

দুর্গাপুজোর সময় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ সুনিশ্চিত করতে বিদ্যুৎ দফতর প্রয়োজনীয় সব রকম ব্যবস্থা গ্রহণ করেছে। বিধাননগরের বিদ্যুৎ ভবনে গতকাল

CESC, WBSEDCL এবং বিভিন্ন বিদ্যুৎ পরিবহণ সংস্হাগুলির সঙ্গে এক বৈঠকে রাজ্যের বিদ্যুৎ প্রতিমন্ত্রী গার্গী ঘোষ দাস বলেন, দুর্গা পুজোর সময় রাজ্যে বিদ্যুতের সর্বোচ্চ চাহিদা ১২ হাজার মেগাওয়াটে পৌঁছতে পারে। বিদ্যুৎ সরবরাহের ক্ষেত্রে কোনো রকম সমস্যা মোকাবিলায় সাড়ে তিনহাজার মোবাইল ভ্যান নিযুক্ত করা হয়েছে। বিদ্যুৎ ভবনে খোলা হচ্ছে ২৪ ঘণ্টার কন্ট্রোল রুম। এছাড়াও গ্রাহকরা টোল ফ্রি নম্বর বিদ্যুৎ পরিষেবা সংক্রান্ত অভিযোগ জানাতে পারবেন।

(বাইট – গার্গী)

oooooooooooooooooooo

রাজ্যে সব ক্ষেত্রেই বিনিয়োগ বৃদ্ধি পাবে বলে বিজেপি জানিয়েছে। কলকাতায় গতকাল দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য জানান, রাশিয়ার একটি সংস্থা এরাজ্যে বিনিয়োগে আগ্রহ প্রকাশ করেছে এবং দেশ ও বিদেশের বিভিন্ন শিল্প সংস্থার সঙ্গে আলোচনা চলছে। ভারী শিল্প এবং অনুসারী শিল্পের বৃদ্ধি ছাড়া রাজ্যের বিকাশ সম্ভব নয়। তবে, এক্ষেত্রে কিছুটা সময় লাগবে। রাতারাতি সবকিছু পরিবর্তন করা যাবে না বলেও মন্তব্য করেন তিনি।

(বাইট – শমীক)

oooooooooooooooooooo

সরকার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে ব্যাঙ্কগুলি এবং সিস্টেম প্রোভাইডার, ইউনিফায়েড পেমেন্টস্ ইন্টারফেস বা ইউপিআই লেনদেনের ক্ষেত্রে দু হাজার টাকা পর্যন্ত কোনরকম চার্জ ধার্য করতে পারবে না। Payment and Settlement Systems আইন – ২০০৭ এর আওতায় অর্থ মন্ত্রক, গতকাল এই এক গেজেট বিজ্ঞপ্তি জারি করে। এতে জানানো হয়েছে, রূপে ডেবিট কার্ডের ক্ষেত্রেও ২ হাজার টাকা পর্যন্ত পেমেন্টের ক্ষেত্রে কোন চার্জ নেওয়া যাবে না।

বিজ্ঞপ্তিতে আরও উল্লেখ্ করা হয়েছে, কোন ব্যাঙ্ক অথবা সিস্টেম প্রোভাইডার, ইউপিআই বা রূপে ডেবিট কার্ডের মাধ্যমে টাকা পেয়েছেন এমন কারোর ক্ষেত্রেও প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোন চার্জ আরোপ করতে পারবে না।

সংসদে Taxation and Other Laws (Amendment) Act বা কর সংক্রান্ত সংশোধনী আইন পাস হওয়ার পরে , ইউপিআই লেনদেনের ক্ষেত্রে চার্জ ধার্য করা নিয়ে বিভিন্ন মহলে যে প্রশ্ন উঠেছিল, তার প্রেক্ষিতেই অর্থ মন্ত্রকের পক্ষ থেকে বিস্তারিত এই ব্যাখ্যা দেওয়া হলো।

মন্ত্রকের ওই বিজ্ঞপ্তিতে রূপে ডেবিট কার্ড এবং ২ হাজার টাকা পর্যন্ত ইউপিআই লেনদেনকে ইলেক্ট্রনিক মোড অফ পেমেন্ট হিসেবেও উল্লেখ করা হয়েছে।

উল্লেখ্য, গত মাসে সরকার জানায় যে ইউ পি আই এর মাধ্যমে কোনও লেনদেনের ক্ষেত্রে উপভোক্তাদের ওপরে কোনও চার্জ ধার্য করা হবেনা। এমন কি একজন আরেকজঙ্কে ইউ পি আই এর মাধ্যমে টাকা পাঠালে, সে ক্ষেত্রে একই নিয়ম প্রযোজ্য হবে। তবে ভবিষ্যতে ব্যাবসি্যওদের ক্ষেত্রে merchant discount rate (MDR) এ কিছু কিছু ক্ষেত্রে লেনদেনের ক্ষেত্রে চার্জ ধার্য করা হতে পারে। কিন্তু সে ক্ষেত্রেও সে হার হবে অনেক কম।

oooooooooooooooooooo

উত্তর ২৪ পরগনার মধ্যমগ্রামে একটি কল সেন্টারে হানা দিয়ে প্রতারণা চক্রের সঙ্গে জড়িত ২৫ জনকে গ্রেফতার করা হয়েছে। এদের মধ্যে ১৮ জন মহিলা। গতকাল দোলতলা সংলগ্ন একটি কল সেন্টারে হানা দেয় পুলিশ সাইবার থানার আধিকারিকরা। তল্লাশিতে ১৯-টি মোবাইল ফোন, শতাধিক সিম কার্ড, ৩০ হাজার টাকার নগদ অর্থ সহ একাধিক নথিপত্র উদ্ধার হয়েছে।

oooooooooooooooooooo

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ কথা শিল্পী শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের ১৫১ তম জন্মদিন উদযাপিত হচ্ছে। উপন্যাসিক, সাহিত্যিক, গল্পকার, লেখক শরৎচন্দ্র চট্টোপাধ্যায় একাধিক গল্প উপন্যাস এর মধ্য দিয়ে তৎকালীন সমাজের কঠিন বাস্তব চিত্র তুলে ধরেছিলেন । তার লেখা একাধিক উপন্যাস চলচ্চিত্রে রূপায়িত হয়েছে। শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের অসাধারণ সাহিত্যকর্মের জন্য তাকে কলকাতা বিশ্ববিদ্যালয় এর পক্ষ থেকে "জগত্তরিণী স্বর্ণপদক"প্রদান করা হয় ও ঢাকা বিশ্ববিদ্যালয় এর তরফ থেকে শরৎচন্দ্র চট্টোপাধ্যায় কে ডিলিট উপাধি দিয়ে সম্মাননা জ্ঞাপন করা হয়। দিনটি উপলক্ষ্যে আজ শরতচন্দ্রের জন্মস্থান হুগলীর দেবানন্দপুর এবং হাওড়ার সামতাবেড়ে তাঁর বসতভিটায় একাধিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

oooooooooooooooooooo

দেশের বিভিন্ন অংশ থেকে ধীরে ধীরে দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু বিদায়ের অনুকূল পরিবেশ তৈরি হয়েছে। তবে এই রাজ্য থেকে দক্ষিণ পশ্চিম মৌসুমি বায়ু বিদায় নিতে এখনও দেরি আছে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের প্রধান ডাক্তার হাবিবুর রহমান বিশ্বাস আকাশবাণীকে জানিয়েছেন।

এদিকে, দক্ষিণবঙ্গে ১৭ তারিখ থেকে বৃষ্টির পরিমাণ আবার বাড়বে এবং উত্তরবঙ্গে হিমালয় সন্নিহিত জেলাগুলিতে আগামী তিন চার দিন ভারী বৃষ্টির সতর্কতা দেওয়া হয়েছে।

oooooooooooooooooooo

*oooooooooooooooooooo*